গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
ন্যাশনাল ইনস্টিটিউট অব ইএনটি
তেজগাঁও, ঢাকা।
email: nient@hospi.dghs.gov.bd
ফোন ঃ +৮৮-০২-৮৮৭৮১৫৫ (অফিস), ফ্যাক্স ঃ +৮৮-০২-৮৮৭৮১৫০

স্মারক নং-এনআইইএনটি/প্রশাসন/শূঃপদপূঃ/২০২৫/৭৭৮-৬ তারিখঃ ২৭/১০/২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

ন্যাশনাল ইনস্টিটিউট অব ইএনটি হাসপাতালের রাজস্বখাত ও অস্থায়ী রাজস্বখাতের অধীনে নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | পদের প্রকৃতি | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | | ৪ | ৫ |
| ১. | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>বেতন স্কেল: গ্রেড-১৪ ঃ<br>টা: ১০,২০০-২৪,৬৮০/- | ০১ | অস্থায়ী রাজস্ব খাত ভুক্ত | অনুর্ধ্ব ৩২ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যাল হতে অন্যূন দ্বিতীয় শ্রেনী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে বাংলায় ৪৫ শব্দ এবং ইংরেজিতে ৭০ শব্দের গতি সম্পন্ন হতে হবে;<br>(ঘ) কম্পিউটার টাইপিংয়ে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতি সম্পন্ন হতে হবে । |
| ২. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>বেতন স্কেল: গ্রেড-১৬ ঃ<br>টা: ৯,৩০০ - ২২,৪৯০/- | ০২ | স্থায়ী রাজস্ব খাত ভুক্ত | অনুর্ধ্ব ৩২ বছর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে । |
| ৩. | ক্যাশিয়ার<br>বেতন স্কেল: গ্রেড-১৬ ঃ<br>টা: ৯,৩০০ - ২২,৪৯০/- | ০১ | স্থায়ী রাজস্ব খাত ভুক্ত | অনুর্ধ্ব ৩২ বছর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উর্ত্তীন;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে । |
| ৪. | ড্রাইভার<br>গ্রেড নং -১৫ (ভারী লাইসেন্স প্রাপ্ত)<br>বেতন স্কেল: টা: ৯,৭০০-২৩,৪৯০/-<br>গ্রেড নং -১৬ (হালকা লাইসেন্স প্রাপ্ত)<br>বেতন স্কেল: টা: ৯,৩০০-২২,৪৯০/- | ০১ | স্থায়ী রাজস্ব খাত ভুক্ত | অনুর্ধ্ব ৩২ বছর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) কর্তৃক ইস্যুকৃত ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবে। |
| ৫. | ওয়ার্ড মাস্টার<br>বেতন স্কেল: টা: ৯,৩০০-২২,৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০১ | স্থায়ী রাজস্ব খাত ভুক্ত | অনুর্ধ্ব ৩২ বছর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উর্ত্তীন;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে । |
| ৬. | অফিস সহায়ক, (গ্রেড-২০)<br>বেতন স্কেল: টা: ৮,২৫০-২০,০১০/- | ০৭ | অস্থায়ী রাজস্ব খাত ভুক্ত | অনুর্ধ্ব ৩২ বছর | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । |

চলমান পাতা/২ দ্রঃ

CamScanner

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয় ঃ**

১। ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ https://nient.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ ঃ

i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ঃ ২৭/১০/২০২৫ খ্রিঃ, সকাল ১০:০০টা;

ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ঃ ২০/১১/২০২৫ খ্রিঃ, বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান ঃ Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো / সম্পূর্ণ সাদা / ঘোলা) বা ছবি / স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন / পরিমার্জন / পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত কপি ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে আবেদন ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ০১ থেকে ০৫ নং ক্রমিকের জন্য ১০০/-(একশত মাত্র) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ১২/-(বার) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ০৬ নং ক্রমিকের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে সকল পদে আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

SMS এর নিয়মাবলী ঃ

প্রথম SMS ঃ NIENT <Space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: NIENT ABCDEF & SEND TO 16222

Reply : Applicant's Name, Tk. 112/56 will be charged as applicantion fee. Your PIN is 12345678. To pay fee Type NIENT<Space>Yes<Space> PIN and send to 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: NIENT<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: NIENT YES 12345678 & send to 16222.

চলমান পাতা/৩ দ্রঃ

CamScanner

Reply : Congratulations! Applicant's Name, Payment completed successfully for NIENT Application for XXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://nient.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের / কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহনের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে NIENT<Space>Help<Space>User ID & Send to 16222
Example : NIENT Help User ABCDEF & send to 16222 .

(ii) PIN Number জানা থাকলে NIENT<Space>Help<Space>PIN <Space>PIN Number & Send to 16222.

Example : NIENT Help PIN 12345678 & send to 16222.

ঝ. Online এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject এ Organization Name : NIENT, Post Name : ****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে )।

ঞ. ডিক্লারেশন ঃ প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য । প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

বিশেষ দ্রষ্টব্যঃ (১) শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে ।

(২) নিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রতারক চক্রের সাথে কোন প্রকার যোগাযোগ অথবা আর্থিক লেনদেন হতে বিরত থাকার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২। আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে ঃ

ক. সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

খ. ১ লা অক্টোবর, ২০২৫ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩২ বৎসর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে।

চলমান পাতা/৪ দ্রঃ

CamScanner

গ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর option select করতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনাপত্তি ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে।

ঘ. নিয়োগের ক্ষেত্রে নিয়োগ বিধি অনুযায়ী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত সরকারের বিদ্যমান বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা বিধি মোতাবেক শিথিযোগ্য ।

ঙ. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই নিম্নবর্ণিত সনদ সমূহের মূল কপি প্রদর্শন করতে হবে।

১. সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিত্ব, চারিত্রিক ও সকল প্রকার প্রশিক্ষণের সনদ ও পূরণকৃত Application Form সহ সকল কাগজপত্রের একসেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

২. মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসাবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

৩. ক্ষুদ্র নৃ গোষ্ঠীর কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

৪. শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

চ. নির্ধারিত কোটায় যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট কোটার শুন্য পদ সমূহ সাধারণ মেধা তালিকা হতে পূরণ করা হবে।

৩। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা যে কোন পদ বা সম্পূর্ন বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৪। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহন করা হবে। ১ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে সাটলিপি / কম্পিউটার মুদ্রাক্ষরিক / কম্পিউটার এ্যাপটিচিউড টেষ্টে উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন। ২ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে কম্পিউটার মুদ্রাক্ষরিক / কম্পিউটার এ্যাপটিচিউড টেষ্টে উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৫। ক্রুটিপূর্ণ / অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে;

৬। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোনরুপ টি,এ, / ডি,এ, প্রদান করা হবে না;

৭। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(অধ্যাপক ডাঃ মোঃ হাসান জাফর)
পরিচালক
ন্যাশনাল ইনস্টিটিউট অব ইএনটি ,তেজগাঁও, ঢাকা
ও সভপতি, বিভাগীয় নিয়োগ কমিটি।

CamScanner